

পরীক্ষা

মাদ্রাসার অষ্টমের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ৩১ অক্টোবর পর্যন্ত

নিজস্ব প্রতিবেদক ঢাকা



বিভিন্ন মাদ্রাসায় অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম চলছে। আগামী ৩১ অক্টোবর পর্যন্ত বিলম্ব ফি ছাড়া রেজিস্ট্রেশনের ফরম পূরণ করতে পারবে শিক্ষার্থীরা। আর ৫০ টাকা বিলম্ব ফি দিলে এক মাস পর আগামী ৩০ নভেম্বর পর্যন্ত রেজিস্ট্রেশনের সুযোগ পাবে শিক্ষার্থীরা। ৭ সেপ্টেম্বর রেজিস্ট্রেশন শুরু হয়েছে।

বিজ্ঞপ্তিতে মাদ্রাসা শিক্ষা বোর্ড জানিয়েছে, অষ্টম শ্রেণিতে রেজিস্ট্রেশন করতে শিক্ষার্থীদের বয়স ১ জানুয়ারি সর্বনিম্ন ১১ বছর হতে হবে ও ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৭ বছর হতে হবে। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২২ বছর। বিলম্ব ফি ছাড়া টিটি স্লিপ অনুযায়ী ফি জমা দেওয়া যাবে আগামী ৩১ অক্টোবর পর্যন্ত। আগামী ১ থেকে ৩০ নভেম্বর পর্যন্ত ৫০ টাকা বিলম্ব ফি দিয়ে টিটি স্লিপ অনুযায়ী টাকা জমা দেওয়া যাবে। ইএসআইএফ পূরণ ও ফাইনাল সাবমিট করা যাবে আগামী ১ থেকে ৫ ডিসেম্বর পর্যন্ত।

রেজিস্ট্রেশনে শিক্ষার্থীদের ৬৪ টাকা ফি দিতে হবে। এর মধ্যে রেজিস্ট্রেশন ফি ৪০ টাকা আর রেড ক্রিসেন্ট ফি ২৪ টাকা। কোনো শিক্ষার্থী ৩১ অক্টোবরের পর রেজিস্ট্রেশন করলে বিলম্ব ফি হিসেবে নেওয়া হবে ৫০ টাকা। বিলম্ব ফি দিয়ে রেজিস্ট্রেশনের ফরম পূরণে শিক্ষার্থীদের কাছ থেকে ১১৪ টাকা নেওয়া হবে।

বিজ্ঞপ্তি দেখতে [ক্লিক করুন](#)



By using this site, you agree to our Privacy Policy. OK



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.